# সংবাদ

তারিখ 14 SEP 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৩

### আসাম কৃষি বিশ্ববিদ্যালয়-সিভাসু চুক্তি

# বন্যপ্রাণী স্বাস্থ্য ও ব্যবস্থাপনায় ভারতে প্রশিক্ষণের সুযোগ

<u>চট্টগ্রাম ব্যুরো</u>

'বন্যপ্রাণী স্বাস্থ্য ও ব্যবস্থাপনা' বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণার লক্ষ্যে ভারতের আসাম কৃষি বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু) যৌথভাবে কাজ করবে। গতকাল দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে এ উপলক্ষে একটি দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. গৌতম বুদ্ধ দাশ এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কেএম বুজার বড়ুয়া। চুক্তির আওতায় এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা প্রতিবছর কমপক্ষে এক মাস ভারতের উক্ত বিশ্ববিদ্যালয়ে 'বন্যপ্রাণী স্বাস্থ্য ও ব্যবস্থাপনা' বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন। চুক্তি অনুযায়ী উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা উপকরণ, প্রকাশনা ও তথ্য বিনিময় এবং যৌথ গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কেএম বুজার বড়ুয়া বলেছেন, গবেষণাকর্ম একটি বিশ্ববিদ্যালয়কে র‌্যাংকিংয়ের শীর্ষে নিয়ে যায়। প্রতিবেশী দুটি দেশের বিশ্ববিদ্যালয় পর্যায়ে যৌথ গবেষণা কার্যক্রম গ্রহণ করলে উভয় প্রতিষ্ঠান লাভবান হতে পারবে। তার বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি, ক্লিনিক্যাল ল্যাবরেটরি ও কৃষি বিজ্ঞানে উন্নত প্রযুক্তি সমৃদ্ধ উল্লেখ করে তিনি বলেন, সিভাসু'র শিক্ষক-শিক্ষার্থীরা প্রাচীন এ প্রতিষ্ঠানের কাছ থেকে অভিজ্ঞতা সঞ্চয়ের সুযোগ পাবেন। এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. গৌতম বুদ্ধ দাশ বলেন, বর্তমানে সিভাসুর সঙ্গে ইউএসএ, ইউকে, জাপান, ভারত, থাইল্যান্ড, মালয়েশিয়াসহ আরও কয়েকটি

বন্যপ্রাণি : পৃষ্ঠা : ২ ক : ৩

### বন্যপ্রাণী : স্বাস্থ্য

(১৬ পৃষ্ঠার পর)

বৈদেশিক স্বনামধন্য বিশবিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক পর্যায়ে ফরমাল একটি স্টুডেন্ট একচেঞ্জ প্রোগ্রাম চালু রয়েছে। আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা চুক্তির মাধ্যমে স্টুডেন্ট একচেঞ্জ প্রোগ্রাম আরও একধাপ এগিয়ে গেল। অদূর ভবিষ্যতে মালয়েশিয়ার আরও একটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা চুক্তির সম্ভাবনা রয়েছে।

তিনি আরও বলেন, ভারতের আসামের সঙ্গে সঙ্গে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা বিনিময়ের লক্ষ্যে সম্পাদিত সমঝোতা চুক্তি বাস্তবায়িত হলে এ বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি মেডিসিন অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীরা উপকৃত হবে। যৌথ গবেষণা কার্যক্রম, গবেষণা উপকরণ ও প্রযুক্তি বিনিময় এবং এ সংক্রান্ত তথ্য আদান-প্রদানের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান লাভবান হবে

দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কলেজ অফ ভেটেরিনারি মেডিসিনের ডিন প্রফেসর ড. আর এন গোস্বামী, বায়োটেকনোলজি বিভাগের স্বনামধন্য অধ্যাপক ড. প্রবোধ বরাহ এবং সিভাসু'র ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর মো. আ. হালিম, মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ নুরুল আবছার খান, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন প্রফেসর ডা. মো. রায়হান ফারুক, পোল্ট্রি রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টারের পরিচালক প্রফেসর ড. পরিতোষ কুমার বিশ্বাস, ওয়ান হেলথ ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. এএমএএম জুনায়েদ সিদ্দিকী, বহিরাঙ্গন কার্যক্রম পরিচালক প্রফেসর ড. একেএম সাইফুদ্দীন, গবেষণা পরিচালক প্রফেসর ড. মো. কবিরুল ইসলাম খান, রেজিস্ট্রার মীর্জা ফারুক ইমাম। স্বাগত বক্তব্য রাখেন হেকেপ উপপ্রকল্প সিপিএসএফ-২১৮০ এর উপ-ব্যবস্থাপক প্রফেসর ড. মোহাম্মদ আলমগীর হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন প্রফেসর ড. আশরাফ বিশ্বাস।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.বি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর